

B.A. 2<sup>nd</sup> Semester (Honours) Examination 2022

বাংলা

Course Title : বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

Course ID : 20111

Course Code : AHBNG-201C-3

সময় : ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০
- ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন গ্রন্থটি কে উদ্ধার করেন? তিনি কোথা থেকে গ্রন্থটি উদ্ধার করেন?
- খ) অন্ত্যমধ্য যুগের দুজন বৈষ্ণব পদ রচয়িতার নাম লেখো।
- গ) 'মৈথিল কোকিল' - কাকে বলা হয়? তিনি কোন ভাষায় পদ রচনা করে বিখ্যাত হয়েছেন?
- ঘ) 'শ্রীকৃষ্ণ বিজয়' ভাগবতের কোন্ কোন্ স্কন্ধের অনুবাদ ?
- ঙ) চণ্ডীদাসের পূর্বরাগ বিষয়ক একটি পদের প্রথম ছত্র দুটি লেখো।
- চ) কবি নারায়ণদেব কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর রচিত কাব্যটির নাম কী ?
- ছ) ঘনরাম চক্রবর্তী মধ্য যুগের বাংলা সাহিত্যের কোন ধারার কবি ? তাঁর রচিত কাব্যের নাম কী ?
- জ) কৃত্তিবাসী রামায়ণের কত গুলি কাণ্ড পাওয়া যায় ? যে কোনো দুটি কাণ্ডের নাম লেখো।
- ২। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০
- ক) বৈষ্ণব সাহিত্যের ইতিহাসে গোবিন্দদাসের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- খ) চৈতন্য জীবনীকার হিসাবে লোচনদাসের শ্রেষ্ঠত্ব সংক্ষেপে আলোচনা করো।
- গ) অনুবাদ সাহিত্যের ধারায় কাশীরাম দাসের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্তর কৃতিত্ব আলোচনা করো।
- ৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব আলোচনা করো।
- খ) "চৈতন্য জীবন কথার সর্ব শ্রেষ্ঠ কবি কৃষ্ণদাস" - আলোচনা করো।
- গ) কৃত্তিবাসী রামায়ণ কি ভাবে বাঙালির মনের কাব্য হয়ে উঠেছে তা আলোচনা করো।
- ঘ) চণ্ডীমঙ্গল কাব্য ধারার সর্ব শ্রেষ্ঠ কবি রূপে মুকুন্দ চক্রবর্তীর অবদান আলোচনা করো।